**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-11-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, প্রশিক্ষণ দক্ষতা বিকাশ ও মহিলাদের ক্ষমতায়নে এক বলিষ্ঠ পদক্ষেপ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সর্বদা গুণগত শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে আসছে।**

**(৩) কেন্দ্র হরিয়ানা, ত্রিপুরা এবং মিজোরামের গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য ২০২৪-২৫ অর্থ বছরের পঞ্চদশ অর্থ কমিশন অনুদান প্রদান করেছে।**

**(৪) আগামী ২৫শে নভেম্বর থেকে সংসদের শীতকালীন অধিবেশন বসবে।**

**(৫) আই পি এল তারকা ক্রুনাল পান্ডিয়ার নেতৃত্বে বরোদা দল আগামীকাল রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচে ত্রিপুরার মুখোমুখি হবে।**

*********************************************

**Governor-IDTR :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, প্রশিক্ষণ শুধু দক্ষতা বিকাশই নয় মহিলাদের আর্থিকভাবে স্বনির্ভর করতে সহায়ক এবং মহিলাদের ক্ষমতায়নেও এক বলিষ্ঠ পদক্ষেপ। আজ জিরানিয়ায় রাজ্য সরকারের পরিবহন দপ্তরের গাড়ি চালনা

প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি একথা বলেন। এই প্রশিক্ষণ কেন্দ্র থেকে ৪৫ দিনের প্রশিক্ষণ শেষে ৩৮ জন মহিলা চালকের হাতে রাজ্যপাল শংসাপত্র তুলে দেন। অনুষ্ঠানে তিনি আরো বলেন, এই ধরনের প্রশিক্ষণ সামাজিক দিক দিয়ে এক নতুন অধ্যায়েরও সূচনা করবে। প্রশিক্ষণপ্রাপ্তদের শিক্ষা দপ্তরে ছাত্রছাত্রীদের গাড়ি চালানো শেখানোর কাজে নিয়োজিত করার প্রস্তাব দেন রাজ্যপাল।

অনুষ্ঠানে বিশেষ অতিথি পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, মহিলাদের গাড়ি চালনার প্রশিক্ষণ মহিলা ক্ষমতায়নের এক উদাহরণ। রাজ্য সরকার গত বছর এপ্রিল মাসে ১৪ কোটি টাকা ব্যয়ে এই প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলেছে।

***************************

**CM-Review Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার সর্বদা গুণগত শিক্ষাকে অগ্রাধিকার দিয়ে আসছে। পাশাপাশি ক্রমাগত পর্যালোচনার মাধ্যমে শিক্ষার সার্বিক স্তর মূল্যায়নে গুরুত্ব দিচ্ছে। আজ সচিবালয়ে ত্রিপুরা স্কুল কোয়ালিটি অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাক্রিডিটেশন ফ্রেমওয়ার্ক খসড়ার পর্যালোচনা বৈঠকে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষার্থীরা যাতে ভালো ফলাফল করতে পারে সেদিকে লক্ষ্য রেখে উন্নত শিক্ষা পরিকাঠামো গড়ে তুলতে হবে। বৈঠকে মুখ্যমন্ত্রী ধলাই এবং দক্ষিণ ত্রিপুরা জেলায় ত্রিপুরা স্কুল কোয়ালিটি অ্যাসেসমেন্ট ও অ্যাক্রিডিটেশন ফ্রেমওয়ার্ক-এর প্রথম পর্যায়ের পাইলট প্রজেক্ট বাস্তবায়ন নিয়ে সংশ্লিষ্টদের একটি বিস্তারিত প্রতিবেদন জমা দিতে বলেন, যাতে সাফল্য এবং চ্যালেঞ্জগুলির সঠিক মূল্যায়ন করা যায়। বৈঠকে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভাল হেমেন্দ্র কুমার ত্রিপুরা স্কুল কোয়ালিটি অ্যাসেসমেন্ট ও অ্যাক্রিডিটেশন ফ্রেমওয়ার্ক খসড়ার বিস্তারিত রূপরেখা তুলে ধরেন। তিনি বলেন, এই ফ্রেমওয়ার্ক-এর মাধ্যমে স্কুল

কমপ্লেক্সগুলির শিক্ষা ও পরিকাঠামোগত সমস্যা ও ত্রুটিগুলি চিহ্নিত করা সম্ভব হবে এবং উপযুক্ত প্রতিকারমূলক ব্যবস্থা নেওয়া যাবে।

বৈঠকে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা, এসসিইআরটি'র অধিকর্তা এল ডার্লং, সমগ্র শিক্ষা প্রকল্প এবং এসসিইআরটি'র অন্যান্য কর্মকর্তাগণ।

*************************

**Grants for Rural Bodies :**

কেন্দ্র হরিয়ানা, ত্রিপুরা এবং মিজোরামের গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য ২০২৪-২৫ অর্থ বছরের পঞ্চদশ অর্থ কমিশন অনুদান প্রদান করেছে। পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠান এবং হরিয়ানার গ্রামীণ স্থানীয় সংস্থাগুলিকে প্রথম কিস্তির অংশ হিসাবে ১৯৪ কোটি ৮৬৭ লক্ষ টাকা অবাধ অনুদান দেওয়া হয়েছে।

ত্রিপুরার গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য, ৩১ কোটি ৪০ লক্ষ টাকার অবাধ অনুদানের প্রথম কিস্তি এবং ৪৭ কোটি ১০ লক্ষ টাকার বিন্যস্ত অনুদানের প্রথম কিস্তি প্রদান করা হয়েছে। এই তহবিল সর্বমোট ১২৬০টি গ্রামীণ স্থানীয় সংস্থার জন্য দেয়া হয়েছে।

পঞ্চায়েতি রাজ প্রতিষ্ঠান এবং মিজোরামের গ্রামীণ স্থানীয় সংস্থাগুলির জন্য প্রদত্ত তহবিলের মধ্যে রয়েছে ২০২২-২৩ এর অবাধ অনুদানের দ্বিতীয় কিস্তির ১৪ কোটি ২০ লক্ষ টাকা এবং ২০২২-২৩ এর বিন্যস্ত অনুদানের দ্বিতীয় কিস্তির ২১ কোটি ৩০ লক্ষ টাকা। এই তহবিল স্বায়ত্তশাসিত জেলা পরিষদ এলাকা সহ ৮৩৪টি গ্রাম পরিষদের জন্য দেয়া হয়েছে।

**************************

**National Seminar :**

তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস আজ ঊনকোটি জেলার ফটিকরায়ের আম্বেদকর কলেজে দু'দিনের জাতীয় সেমিনারের উদ্বোধন করেন। ভারত সরকারের শিক্ষা মন্ত্রকের অধীন "ভারতীয় দার্শনিক অনুসন্ধান পরিষদ" বা I.C.P.R এর পৃষ্ঠপোষকতায় এবং কলেজের দর্শন ও ইংরেজি বিভাগের ব্যবস্থাপনায় এই সেমিনারের আয়োজন। সেমিনারের বিষয় "ভাষাগত দর্শন ও লিঙ্গ পরিচয়"। সেমিনারের উদ্বোধন করে মন্ত্রী বলেন, লিঙ্গগত সমতা সমাজের নানা ক্ষেত্রে খুব প্রয়োজন। মহিলা ক্ষমতায়ন ও মহিলা সংরক্ষণ প্রভৃতি কাজগুলো বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকার করেছে। মহিলাদের সবক্ষেত্রেই অংশগ্রহণ সুনিশ্চিত করা হচ্ছে। উদ্বোধনী অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের কল্যাণী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক ডক্টর দিলীপ কুমার মোহন্ত, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় অধ্যাপক ডক্টর মোহন দেববর্মা, কলেজের অধ্যক্ষ ডক্টর সুব্রত শর্মা প্রমুখ ভাষন দেন। আসাম, মেঘালয়, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা সহ বিভিন্ন রাজ্য থেকে গবেষকরা এই জাতীয় সেমিনারে অংশ নিয়েছেন। সেমিনারে মোট আঠারোটি গবেষণাপত্র উপস্থাপিত হবে।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের প্র্যাকটিক্যাল পরীক্ষা আগামী ১৫ই নভেম্বর থেকে শুরু হবে। চলবে ৫ই ডিসেম্বর পর্যন্ত। পর্ষদ সভাপতি ধনঞ্জয় গন চৌধুরী আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, মাধ্যমিক পরীক্ষার অনলাইনে ফর্ম ফিলাপের কাজ শুরু হবে আগামী বছরের ১০ই জানুয়ারি থেকে ৩১শে জানুয়ারী পর্যন্ত। তিনি জানান এখন পর্যন্ত মাধ্যমিকে ৩৩ হাজার ৮০০ জন এবং উচ্চমাধ্যমিক পরীক্ষায় বসার জন্য ২৩ হাজার ৭৩৯ জন রেজিস্ট্রেশন করেছে।

****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Winter Session :**

আগামী ২৫শে নভেম্বর থেকে সংসদের শীতকালীন অধিবেশন বসবে। ২০শে ডিসেম্বর পর্যন্ত এই অধিবেশন চলবে। সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সামাজিক মাধ্যমে জানিয়েছেন যে ২৬শে নভেম্বর, সংবিধান সদনের সেন্ট্রাল হলে সংবিধান গ্রহণের ৭৫তম বার্ষিকী পালিত হবে।

***************************

**NITI AAYOG-JAL UTSAV :**

জল ব্যবস্থাপনা, সংরক্ষণ এবং স্থায়িত্বের প্রতি সচেতনতা ও সংবেদনশীলতা তৈরি করতে আগামীকাল থেকে নীতি আয়োগ পনেরো দিনের 'জল উৎসব' শুরু করবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত বছরের ডিসেম্বরে অনুষ্ঠিত তৃতীয় মুখ্য সচিব সম্মেলনের সময় 'নদী উৎসব'-এর আদলে 'জল উৎসব'-এর প্রস্তাব দেন। সেই প্রস্তাব অনুসারে এই কর্মসুচী গ্রহণ করা হয়েছে। নীতি আয়োগ জানিয়েছে চব্বিশে নভেম্বর পর্যন্ত ২০টি উচ্চাকাঙ্ক্ষী জেলা এবং ব্লকে জল উৎসব পালন করা হবে।

জাতীয় জল জীবন মিশন, পানীয় জল ও পয়ঃনিকাশী বিভাগ, জল শক্তি মন্ত্রক যৌথভাবে এই কর্মসূচীতে যোগ দেবে। ২০টি রাজ্যে এই উপলক্ষ্যে জল সম্পদ সংরক্ষণ এবং সুরক্ষা ক্ষেত্রে স্থানীয় মানুষের সক্রিয় অংশগ্রহণকে উৎসাহিত করা হয়।

******************************

**Congress Padajatra :**

প্রদেশ সদর জেলা কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলার টাউন বড়দোয়ালী এলাকায় সংহতি পদযাত্রার আয়োজন করা হয়। পদযাত্রায় অংশ নেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, গোপাল রায় সহ অন্যান্য নেতৃবৃন্দ। প্রদেশ কংগ্রেস সভাপতি শ্রী সাহা জানান, এই পদযাত্রার আজ পঞ্চম দিন। আগামী ১৯শে নভেম্বর পর্যন্ত চলবে এই সংহতি পদযাত্রা। সারা রাজ্যে কংগ্রেসের ৯টি সাংগঠনিক জেলা ও ৬০টি ব্লকে এই পদযাত্রার আয়োজন করা হবে।

এদিকে, গোমতি জেলা কংগ্রেসের উদ্যোগেও আজ উদয়পুর শহরে সংহতি পদযাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন গোমতী জেলা কংগ্রেস সভাপতি টিটন পাল ও অন্যান্য নেতৃবৃন্দ।

তেলিয়ামুড়া জেলা কংগ্রেসের উদ্যোগে আজ আশারাম বাড়ী বিধানসভা কেন্দ্রের সোমবাড়িয়া বাজার থেকে বাচাইবাড়ী বাজার পর্যন্ত সংহতি পদযাত্রা অনুষ্ঠিত হয়। পদযাত্রায় উপস্থিত ছিলেন খোয়াই জেলা কংগ্রেস সভাপতি প্রদ্যোৎ ভট্টাচার্য, আশারাম বাড়ি ব্লক কংগ্রেসের সভাপতি সুরেন্দ্র দেববর্মা, খোয়াই ব্লক কংগ্রেস সভাপতি যতীন্দ্র গোপ প্রমুখ।

******************************

**Bharat Brand :**

কৃষকদের ন্যায্য মূল্য নিশ্চিত করার পাশাপাশি প্রয়োজনীয় খাদ্যদ্রব্যের দাম স্থিতিশীল করতে সরকার একাধিক পদক্ষেপ

নিয়েছে। এরই অঙ্গ হিসেবে, কেন্দ্রীয় ভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রী প্রহ্লাদ জোশী আজ নতুনদিল্লিতে দ্বিতীয় পর্বে ভারত ব্র্যান্ডের চাল এবং আটার সূচনা করেন।

ভারত ব্র্যান্ডের আটা প্রতি কেজি ৩০ টাকা এবং ভারত ব্র্যান্ডের চাল প্রতি কেজি ৩৪ টাকায় পাওয়া যাবে। শ্রী জোশী সাংবাদিকদের বলেন যে সাধারণ ভোক্তাদের কল্যাণে সরকারের নেওয়া একাধিক পদক্ষেপের মধ্যে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। তিনি বলেন যে ভারত ব্র্যান্ডের আটা এবং চালের বিক্রি সাশ্রয়ী মূল্যে বাজারে সরবরাহ বাড়াবে এবং এই গুরুত্বপূর্ণ খাদ্যদ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে সহায়তা করবে। ভারত ব্র্যান্ডের পণ্য কেন্দ্রীয় ভান্ডার, NAFED এবং NCCF স্টোর থেকে কেনা যাবে।

****************************

**State level Drama Competition :**

রাজ্যভিত্তিক বিজ্ঞান নাটক প্রতিযোগিতায় প্রথম হয়েছে কৈলাসহরের শিশুনিকেতন বিদ্যালয়। আজ সুকান্ত একাডেমিতে রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদের উদ্যোগে স্কুলস্তরে বিজ্ঞান নাটক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজ্ঞান নাটক প্রতিযোগিতার কোর্ডিনেটর শুভ্রনীল রায় জানান, প্রতিযোগিতায় আট জেলা থেকে আটটি দল নাটক পরিবেশন করেছে। প্রতিযোগিতায় সেরা শিশু নিকেতন স্কুলের ছাত্রছাত্রীরা উত্তর পূর্বাঞ্চল ভিত্তিক স্কুলস্তরে নাটক প্রতিযোগিতায় অংশ নেবে।

**************************

**Assistance-ARDD :**

ডুকলী ব্লক এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্ত প্রাণীপালকদের আজ প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়। আনন্দনগর পশু হাসপাতালে আয়োজিত এক অনুষ্ঠানে ডুকলী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান ভুলন সাহা ও প্রাণী সম্পদ

বিকাশ দপ্তরের আধিকারিকরা। মোট ৩৩ জন ক্ষতিগ্রস্ত প্রাণীপালকের হাতে আর্থিক সহায়তা তুলে দেন।

*************************

**KALA UTSAV-GOMOTI :**

গোমতী জেলাভিত্তিক দু'দিনব্যাপী কলা উৎসব আজ থেকে উদয়পুরের রাজর্ষি হলে শুরু হয়েছে। কলা উৎসবের উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, শিক্ষার্থীদের শৈল্পিক প্রতিভা অন্বেষণ, বিকাশ এবং প্রদর্শনের জন্য কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক এই উদ্যোগ হাতে নিয়েছে। কলা উৎসবের মাধ্যমে ছাত্রছাত্রীরা তাদের সাংস্কৃতিক প্রতিভা তুলে ধরতে পারছে। এক ভারত, শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার ক্ষেত্রে ছাত্রছাত্রীদের এগিয়ে আসার জন্য অর্থমন্ত্রী আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র চন্দ্র মজুমদার, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

***************************

**KALA UTSAV :**

ভারত সরকারের "সমগ্র শিক্ষা" অভিযানের অন্তর্গত ঊনকোটি জেলা ভিত্তিক দু'দিনব্যাপী কলা উৎসব আজ থেকে কুমারঘাটের গীতাঞ্জলি অডিটরিয়ামে শুরু হয়েছে। বিধায়ক ভগবান চন্দ্র দাস এই উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, সৃজনশীল প্রতিভার বিকাশে এধরনের উৎসবের গুরুত্ব অপরিসীম। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার প্রমুখ। ঊনকোটি জেলার ৪২টি বিদ্যালয় থেকে ৩৫০ জন ছাত্র-ছাত্রী প্রতিযোগিতামূলক ছয়টি বিষয়ে প্রতিযোগিতায় অংশ নিচ্ছে।

*****************************

**Ranji Trophy :**

আই পি এল তারকা ক্রুনাল পান্ডিয়ার নেতৃত্বে বরোদা দল আগামীকাল রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচে ত্রিপুরার মুখোমুখি হবে। এম বি বি স্টেডিয়ামে চারদিনের এই ম্যাচটি হবে। সফরকারী বরোদা ও স্বাগতিক রাজ্যদলের ক্রিকেটাররা আজ স্টেডিয়ামে অনুশীলন করে। এটি উভয় দলের রঞ্জি ট্রফির এবারের আসরে চতুর্থ ম্যাচ।

*************************

**Cooch Behar Trophy :**

ত্রিপুরা ও পন্ডিচেরীর মধ্য কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেট প্রতিযোগিতা আগামীকাল থেকে শুরু হচ্ছে। চারদিনের এই ম্যাচটি নরসিংগড়ের পিটিএ মাঠে হবে। দুটি দল আজ অনুশীলন করে।

************************

**Weather :**

আগামীকাল আকাশ মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত হয়েছে। আজ রাতেও রাজধানী আগরতলা সহ পশ্চিম জেলার বিভিন্ন স্থানে বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তার কারণে রাজ্যে আবহাওয়ায় এই পরিবর্তন দেখা দিয়েছে বলে আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে। আগামীকাল রাজ্যে তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.২ ডিগ্রি সেলসিয়াস।

***************************